# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

প্রশাসনের জুলুমের ভয় পেলে আত্মরক্ষার দু'আ

যিকর নং ১৭৯ : প্রশাসনের জুলুমের ভয় পেলে আত্মরক্ষার দু'আ

اللهم رب السموات السبع، ورب العرش العظيم، كن لي جاراً من فلان بن فلان ، وأحزابه من خلائقك ؛ أن يفرط على أحد منهم أو يطغى عز جارك وجل ثناؤك ولا إله إلا أنت

উচ্চারণঃ আল্লা-হুম্মা রাব্বাস সামা-ওয়া-তিস সাব'ই ওয়া রাব্বাল 'আরশিল 'আযীম, কুন লী জা-রান মিন ফুলা-ন ইবনু ফুলা- ন (সংশিলষ্ট ব্যক্তির নাম) ওয়া আ'হযা-বিহী মিন খালা-ইক্কিকা আইঁ ইয়াফরুত্বা 'আলাইয়্যা আ'হাদুম মিনহুম আও ইয়াত্বগা-, 'আযযা জা- রুকা ওয়া জাল্লা সানা-উকা, ওয়া লা- ইলা-হা ইল্লা- আনতা।

অর্থঃ হে আল্লাহ, সাত আসমানের প্রভু ও মহান আরশের প্রভু, আপনি আমাকে আশ্রয় প্রদান করেন অমুকের পুত্র অমুক (সংশ্লিষ্ট ব্যক্তির নাম) থেকে এবং আপনার সৃষ্টির মধ্য থেকে যারা তার দলবলে রয়েছে তাদের থেকে, তাদের কেউ যেন আমার বিষয়ে সীমালঙ্ঘন করতে না পারে বা আমার উপর অত্যাচার বা বিদ্রোহ করতে না পারে। আপনি যাকে আশ্রয় দেন সেই সম্মানিত। আপনার প্রশংসা মহিমান্বিত। আপনি ছাড়া কোনো মা'বুদ নেই।" হাদীসটি সহীহ।[1]

## ফুটনোট

[1] বুখারী, আল-আদাবুল মুফরাদ ১/২৪৭, নং ৭০৭, সহীহুল আদব, ৫৪৫, মাজমাউয যাওয়াইদ ১/১৩৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8846

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন